

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
Website: www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৮৫.০১৬.০১.০০.০১১.২০১৫ (অংশ-১)-১৩০০

তারিখঃ ০৩ মে ২০১৭

বিষয় : “বাংলা নববর্ষ ভাতা” প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৬৬.১৬-৪০, তারিখ: ১৯/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতনস্কেল-২০১৫ এর আওতাভুক্ত সকল সামরিক/বেসামরিক মাসিক নীট পেনশন গ্রহণকারী ও আজীবন পারিবারিক পেনশন ভোগকারীগণের ন্যায় ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণের জন্য “বাংলা নববর্ষ ভাতা” প্রবর্তনের লক্ষ্যে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

- (১) ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণ পেনশন সমর্পন না করলে যে পরিমাণ নীট পেনশন প্রাপ্ত হতেন তার ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন; এবং
- (২) ১৪২৪ বঙ্গাব্দ থেকে তারা এ ভাতা প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, “বাংলা নববর্ষ ভাতা” প্রদান সংক্রান্ত অর্থ বিভাগের প্রজ্ঞাপনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনামতে ০১ ফর্দ


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোন : ৯৫৪০৩৭০
ই-মেইলঃ watersupply_02@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা/চট্টগ্রাম ওয়াসা।

(অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে)

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।